

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৫৬২. ২০১২- ৩০৩

তারিখঃ ০২/০১/১৩

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৫৮/২০১৬ মোকদমার রুল ও আরজি।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত ৮ (আট)টি প্রকল্পের ৬৫ (পয়ষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী তাদের চাকুরি রাজস্ব খাতে আত্মীকরণের জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পিটিশনে ৩০-০৭-২০১৩ তারিখের রায়ে আবেদনকারীগণকে আত্মীকরণ করার আদেশ প্রদান করেন। উক্ত আদেশ বাস্তবায়ন না করায় মামলার বাদীগণ কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৪৫৮/২০১৬ দায়ের করা হয়। বর্ণিত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ১৫-১২-২০১৬ তারিখের আদেশে কেন আদালত অবমাননাকর কার্যক্রম গ্রহণ করা হবে না, ১২-০১-২০১৭ তারিখের মধ্যে তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করেন।

০২। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং ৪৫৮/২০১৬ এর জবাব প্রদানসহ বর্ণিত মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

(মোহাম্মদ শফিউল আরিফ)

উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

arif 6550@yahoo.com

জনাব মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। যুগ্মসচিব(পাস), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।